দৈনিক বাংলা

27/8/80

0 4

# নিরক্ষরতা দূর করার প্রয়াসে বয়স্ক শিক্ষাকেন্দ্র

ঢাকা বিদ্যুৎ সরবরাহ বিক্রয় ও হিসাব বিভাগ-৪ এর নিরক্ষর কর্মচারীদের নিরক্ষরতার অভিশাপ মুক্ত করে শিক্ষার আলো দেয়ার মহান উদ্দেশ্যে প্রতিষ্ঠিত পাঠশালাটির কাজ সুষ্ঠুভাবে এগিয়ে চলেছে। পাঠশালাটি পরিকল্পনার সার্বিক দায়িত্বে নিয়োজিত রয়েছেন নির্বাহী প্রকৌশলী জনাব এ এম ইমদাদুল হক ও সহকারী নির্বাহী প্রকৌশলী জনাব ইব্রাহিম মিয়া।

উল্লেখ্য, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে নিরক্ষরতা দূরীকরণের এটাই প্রথম উদ্যোগ। নিরক্ষর কর্মচারীদের সাক্ষর করে তোলার জন্যে চলতি মাসের প্রথম সপ্তাহে ৫৪, পুরানা পল্টনস্থ কার্যালয়ে এই পাঠশালাটির উদ্বোধন করা হয়। এর উদ্বোধন করেন বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য (বিতরণ) জনাব আনিসুল হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিদ্যুৎ সরবরাহের প্রধান প্রকৌশলী জনাব ওবায়দুল বাসার। এই বয়স্ক শিক্ষা কেন্দ্রে বেশ কিছুসংখ্যক কর্মচারীকে এখন লেখাপড়া শেখানো হচ্ছে। খবর বিজ্ঞপ্তির।